



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd
ঢাকা



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৬৪১

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৩৭.০০.০০০০.০৭১.১১.০০৩.১৫-৪১৩ তারিখ: ১৬.০৭.২০২০ খ্রি. জারীকৃত প্রজ্ঞাপনে শর্ত সাপেক্ষে সরকারিকরণের তারিখ (১৪.০৬.২০১৭ খ্রি.) হতে সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন জামালগঞ্জ সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের ১৮ জন সহকারী শিক্ষক/শিক্ষিকাকে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়। তন্মধ্যে আবেদনের প্রেক্ষিতে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব জ্যোতিষ রঞ্জন তালুকদারকে অত্র অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৪৪০ তারিখ: ২৫.১০.২০২০ খ্রি. ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদান করা হয়। তিনি ২৬.১১.২০২০ খ্রি. মৃত্যুবরণ করায় বর্তমানে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব সীতোষ কুমার তালুকদার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে আর্থিক লেনদেনের ক্ষমতা পাওয়ার নিমিত্ত কাগজপত্রসহ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট এর মাধ্যমে অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেছেন। এমতাবস্থায় জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব সীতোষ কুমার তালুকদারকে বর্ণিত শর্ত সাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য সহকারী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক)	এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
(খ)	ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
(গ)	দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
(ঘ)	তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

২৮-১২-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৬৪১/১(৬)

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

- ১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল.....।
- ৩) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ৪) জেলা শিক্ষা অফিসার,।
- ৫) জনাব.....।
- ৬) সংরক্ষণ নথি।

২৮-১২-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু

